

**AKASHVANI(AIR)**  
**RNU:KOLKATA**  
**BengaliText Bulletin**

**Date 23-12-2025**

**Time: 1.40 P.M.**

বিশেষ বিশেষ খবর –

- ১) ভোটের তালিকায় বিশেষ নীবিড় সংশোধনী এস আই আর-এর অগ্রগতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আজ পশ্চিমবঙ্গে আসছেন।
- ২) নদীয়ার হাঁসখালিতে নাবালিকার গণ ধর্ষণ এবং জোর করে মৃতদেহ শশ্মানে দাহ করার ঘটনায় দোষী সাব্যস্ত তৃণমূল কংগ্রেস নেতার ছেলে সহ তিনজনকে যাবজ্জীবন কারাদন্ডের নির্দেশ দিয়েছে আদালত।
- ৩) চিংড়িঘাটায় মেট্রোরেলের বকেয়া কাজ অবিলম্বে সম্পন্ন করতে কড়া নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।
- ৪) কঠিন ও তরল বর্জ্য নিয়ন্ত্রণ এবং নিক্ষেপন মামলায় বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় ও বীরভূম জেলা প্রশাসনকে জরিমানা করেছে জাতীয় পরিবেশ আদালত।
- ৫) দেশজুড়ে আজ জাতীয় কৃষক দিবস উদযাপিত হচ্ছে। আজ রাজ্যজুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

oooooooooooooooooooooooooooo

ভোটের তালিকায় বিশেষ নীবিড় সংশোধনী এসআইআর-এর অগ্রগতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের এক উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল আজ পশ্চিমবঙ্গে আসছে।

কমিশনের প্রধান সচিব এসবি জোশি ও উপসচিব অভিনব আগরওয়াল শুনানি পর্বের অগ্রগতি খতিয়ে দেখবেন। পাশাপাশি আগামীকাল নজরুল মঞ্চে মাইক্রো অবজারভারদের প্রশিক্ষণ পর্বেও তাঁরা হাজির থাকবেন বলে জানা গেছে।

নির্বাচন কমিশনের এই বিশেষ প্রতিনিধি দল চলতি এসআইআর পর্বের কাজ পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা করবেন। চূড়ান্ত ভোটের তালিকা প্রকাশের আগে সম্পূর্ণ প্রক্রিয়ায় যাতে কোনও গাফিলতি না হয়, মূলত সেই বিষয়েই কমিশনের নির্দেশ পালনের জন্যেও সকলকে অবহিত করবেন তারা।

ভোটের তালিকায় বিশেষ নীবিড় সংশোধনীর শুনানি পর্বের প্রথম দফায় প্রায় ৩২ লক্ষ আনম্যাপড ভোটারকে ডাকা হবে। আগামী ২৭-শে ডিসেম্বর থেকে প্রথম দফায় এদেরই শুনানি চলবে। এর মধ্যে ১০ লক্ষ ভোটারকে ইতোমধ্যেই শুনানির নোটিশ পাঠানো শুরু হয়েছে। আজ থেকেই আরো প্রায় ২২ লক্ষ ভোটারকে নোটিশ পাঠানো হচ্ছে।

উল্লেখ্য ২০০২ সালের তালিকায় এই ভোটাররা নিজের নাম বা সম্পর্কিত কারোর নাম দেখাতে পারেনি। জেলাশাসক, মহকুমা শাসক, বিভিন্ন সরকারি দফতর, স্কুল, কলেজেও শুনানি হবে। তবে মাধ্যমিক পরীক্ষায় বাধা সৃষ্টি করে কোনো শুনানি হবে না বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন।

এদিকে লজিক্যাল ডিস্ক্রিপেনসিস বা যুক্তিসঙ্গত অসঙ্গতি রয়েছে এমন ভোটারদের শুনানি হবে পরের ধাপে। প্রত্যেক শুনানি পর্বে নজদারির জন্য উপস্থিত থাকবেন মাইক্রো অবজারভাররা।

উল্লেখ্য, আগামীকাল নজরুল মঞ্চে দুদফায় ৪ হাজার মাইক্রো অবজারভারের প্রশিক্ষণ হবে। এরা সকলেই এরা জ্যেষ্ঠ আধিকারিক বলে কমিশন স্পষ্ট জানিয়েছে।

oooooooooooooooooooooooooooo

এসআইআর আবহে ডোমিসাইল সার্টিফিকেট বিলির ক্ষেত্রে সমস্ত নিয়ম মানা হচ্ছে কিনা নির্বাচন কমিশন তা জানতে চেয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল রাজ্য প্রশাসনের কাছে জানতে চেয়েছেন, কোন আইনে, কোন প্রশাসন, কীসের ভিত্তিতে এই সার্টিফিকেট দেয়। এস আই আর এর শুনানির ক্ষেত্রে নির্বাচন কমিশনের নির্ধারিত ১১টি নথির অন্যতম এই ডোমিসাইল সার্টিফিকেট। বিধি অনুযায়ী জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক, মহকুমা শাসকরা ডোমিসাইল সার্টিফিকেট দিতে পারেন। তবে সমস্ত দিক খতিয়ে দেখে এই শংসাপত্র দেওয়ার নিয়ম। বর্তমানে তা মানা হচ্ছে না বলে একাধিক অভিযোগ ওঠায় এই নিয়ে খোঁজখবর করা হচ্ছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে।

oooooooooooooooooooooooooooo

BLO অ্যাপে নতুন অপসন সংযোজন করেছে নির্বাচন কমিশন। Electors with No Mapping- নামক এই অপসনে বলা হয়েছে, যেসব ভোটারের বিভিন্ন কারণে ম্যাপিং হয়নি তাঁরা সঠিক তথ্য দিলে বি এল ও রাই সমস্যার সমাধান করে দেবে।

এপ্রসঙ্গে ভোট কর্মী ও BLO ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল বলেছেন, সম্পূর্ণ শুনানি পর্বের কাজ করার কথা ছিল ERO এবং AERO-দের। কিন্তু এখন BLO-দেরই সব দায়িত্ব নিতে হচ্ছে।

oooooooooooooooooooooooooooo

নদীয়ার হাঁসখালিতে নাবালিকার গণ ধর্ষণ এবং জোর করে মৃতদেহ শশ্মানে দাহ করার ঘটনায় দোষী সাব্যস্ত তৃণমূল কংগ্রেসের নেতা সমরেন্দ্র গয়ালির ছেলে সোহেল ওরফে ব্রজো সহ তিনজনকে যাবজ্জীবন কারাদন্ড এবং সমরেন্দ্র গয়ালিকে ৫ বছরের

কারাদন্ডের নির্দেশ দিয়েছে রানাঘাট মহকুমা আদালতের বিচারক সোমেন গুপ্ত। গতকাল এই ৯ জনকে দোষী সাব্যস্ত করে আদালত। বাকিদের বিচার প্রক্রিয়া চলছে।

উল্লেখ্য, ২০২২ সালের এপ্রিলে স্থানীয় তৃণমূল পঞ্চায়েত সদস্যের ছেলে সোহেলের জন্মদিনের পার্টিতে ঐ নাবালিকাকে গণধর্ষণ করা হয়। অতিরিক্ত রক্ত ক্ষরণের জেরে সে গুরুতর অসুস্থ হয়ে পড়লে হাসপাতালে নিয়ে যেতেও বাধা দেওয়া হয়। তারপর জোর করে শ্মশানে মৃতদেহ পুড়িয়ে দেওয়ার অভিযোগ ওঠে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের সামশেরগঞ্জে সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনের সময় হিংসার জেরে নিহত বাবা ও ছেলে হরগোবিন্দ দাস ও চন্দন দাসের খুনের ঘটনায় দোষী সাব্যস্ত ১৩ জনের শাস্তি আজ ঘোষণা করা হবে। জঙ্গীপুর মহকুমা আদালতের অতিরিক্ত জেলা ও দায়রা জজ অমিতাভ মুখোপাধ্যায় ঘটনার প্রায় সাড়ে আট মাসের মাথায়, গতকাল এদের দোষী সাব্যস্ত করেন। এই ১৩ জনই নিহতদের বাড়ির কাছের দুটি গ্রামের বাসিন্দা। ঘটনার পর তারা বাড়ি ছেড়ে পালায়। পরে বিভিন্ন জায়গা থেকে গ্রেপ্তার করা হয় তাদের।

উল্লেখ্য, চলতি বছর ৯ই এপ্রিল থেকে সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে উত্তাল হয়ে ওঠে জঙ্গীপুর, সুতি ও সামশেরগঞ্জের বিভিন্ন এলাকা। ভাঙচুর, লুণ্ঠপাট, অগ্নিসংযোগের পাশাপাশি গুলি চলার ঘটনাও ঘটে। পুড়িয়ে দেওয়া হয় পুলিশের গাড়ি। ১২ই এপ্রিল সামশেরগঞ্জের জাফরাবাদে বাড়ি থেকে টেনে এনে কুপিয়ে খুন করা হয় হরগোবিন্দ দাস ও তার ছেলে চন্দনকে। এই খুনের পর গঠন করা হয় বিশেষ তদন্তকারী দল সিট। ৫৫ দিনের মাথায় ৬ই জুন চার্জশিট দেন সিটের তদন্তকারী আধিকারিক ইন্সপেক্টর প্রসূন কুমার মিত্র। ৬৬ দিনের মাথায় চার্জ গঠন করে বিচার প্রক্রিয়া শুরু হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

চিংড়িঘাটায় মেট্রোরেলের বকেয়া কাজ অবিলম্বে সম্পন্ন করতে কড়া নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি অজয় কুমার গুপ্তার ডিভিশন বেঞ্চ আজ জানিয়েছেন ২০২৬-এর ১৫-ই ফেব্রুয়ারীর মধ্যে ট্রাফিক নিয়ন্ত্রণ করে পিলার তোলার কাজ সম্পন্ন করতে হবে। ৬-ই জানুয়ারি আগে রাজ্য ও ট্রাফিক পুলিশকে রাস্তা বন্ধ করার ব্যাপারে সিদ্ধান্ত নিয়ে জানাতে হবে আদালতকে।

উল্লেখ্য, একাধিকবার সব পক্ষকে বৈঠকে বসে ইতিবাচক সিদ্ধান্ত নেবার নির্দেশ দেওয়া হলেও তা ফলপ্রসূ না হওয়ায় আজ ক্ষোভ প্রকাশ করেন বেঞ্চ।

০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুঙ্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কঠিন ও তরল বর্জ্য নিয়ন্ত্রণ এবং নিক্ষেপন মামলায় বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় ও বীরভূম জেলা প্রশাসনকে জরিমানা করেছে জাতীয় পরিবেশ আদালত। পাশাপাশি, বিশ্বভারতীর কর্মসচিব ও বীরভূমের জেলাশাসককে আগামী বছরের ২১-শে জানুয়ারী রিপোর্ট সহ আদালতে হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে।

এর আগে কঠিন ও তরল বর্জ্য নিয়ন্ত্রণ ও নিষ্কাশন নিয়ে আদালত রিপোর্ট তলব করেছিল। কিন্তু তা জমা না পড়ায় বিশ্বভারতীর কর্মসচিব ও বীরভূমের জেলাশাসককে চূড়ান্ত ভরসনা করে জাতীয় পরিবেশ আদালত। বীরভূমের জেলাপ্রশাসনকে এক লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। তবে, বিশ্বভারতী কর্তৃপক্ষকে কত জরিমানা দিতে হবে তার অঙ্ক পরে জানাবে আদালত।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পাহাড়ে গোখাঁ আঞ্চলিক প্রশাসন জিটিএ-র নিয়ন্ত্রণাধীন এলাকায় নিয়োগে অনিয়মের অভিযোগে ৩১৩ জন প্রাথমিক শিক্ষকের চাকরি বাতিলের সিঙ্গেল বেঞ্চের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চে মামলা দায়ের হয়েছে।

বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চে জিটিএ এই মামলা দায়ের করেছে। গত ১৭-ই ডিসেম্বর শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগে ৩১৩ জনের চাকরি বাতিলের নির্দেশ দেন কলকাতা হাইকোর্টের বিচারপতি বিশ্বজিৎ বসুর বেঞ্চ। তিনি জানান এই নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ বে-আইনী ও নিয়ম বিরুদ্ধ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় কৃষক দিবসে আজ রাজ্যজুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিং-এর জন্ম বার্ষিকী উপলক্ষে এই দিনটি দেশের অগ্রগতি ও উন্নয়নে কৃষকদের অবদানকে সম্মান জানানোর জন্য পালন করা হয়।

মুর্শিদাবাদের বহরমপুর কেন্দ্রীয় রেশম গবেষণা কেন্দ্রে আজ রেশম ও পলু পোকা চাষিদের নিয়ে বিশেষ কর্মশালার আয়োজন করা হয়। উল্লেখযোগ্য অবদানের জন্য রেশম চাষিদের পুরস্কৃত করবে কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রক ও সিল্ক বোর্ড।

হাওড়ার পাঁচলাতেও এই উপলক্ষে এক আধুনিক কৃষি প্রযুক্তি বিষয়ে বিশেষ প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০

বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন গ্রামীণ বিকশিত ভারত জি রাম জি আইন নিয়ে সাধারণ মানুষের মধ্যে ব্যাপক উদ্দীপনা লক্ষ্য করা যাচ্ছে। এই আইনের ফলে জব কার্ড ধারীরা আগের তুলনায় বেশদিন কাজের সুযোগ পাবেন। নদীয়ার এক সুবিধা প্রাপক গণেশ চন্দ্র মালাকার কাজের দিন ১-শো থেকে ১২৫ হওয়ায় সন্তোষ ব্যক্ত করেছেন।

( বাইট – গণেশ)

০০০০০০০০০০০০০০০০০০

বিকশিত ভারত অভিযানের অঙ্গ হিসেবে আগামী ২৭ ডিসেম্বর, এ রাজ্যে উৎকর্ষ উদ্যমী সমাগম সম্মেলনের দ্বিতীয় পর্বের আয়োজন করা হয়েছে। আইআইটি খড়গপুর, সহকার ভারতী, স্বদেশী জাগরণ মঞ্চ এবং বেঙ্গল ফাস্ট ফাউন্ডেশন ও ইকোসিস্টেম ডিজিটাল ইন্ডিয়ায় যৌথ উদ্যোগে খড়গপুর আইআইটি তে এই সম্মেলন হবে।

বৈঠকে বেঙ্গল ফাস্ট ফাউন্ডেশনের সদস্য দেবজিত সরকার জানিয়েছেন, রাজ্যে ক্ষুদ্র, মাঝারি শিল্প উদ্যোগীদের সহযোগিতা করতেই এই সম্মেলনের আয়োজন করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ার ডোমজুড়ে রাঘবপুরে ৭ বছরের শিশুর যৌন নির্যাতনের অভিযোগে ১ ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। এলাকাবাসীর অভিযোগ, ওই অঞ্চলে রাস্তা তৈরির কাজে আসা এক শ্রমিক তাকে তুলে নিয়ে গেলে নির্মীয়মান একটি বাড়িতে যৌন নির্যাতন করে। গতকাল এর জেরে এলাকায় উত্তেজনা ছড়ায়। বিক্ষুব্ধ জনতা দোষীর শাস্তির দাবিতে বিক্ষোভ দেখায়। ভাংচুর চালানো হয় রাস্তায় থাকা ম্যাটাডোর ও বাইকে।

০০০০০০০০০০০০০০০০০০

জলপাইগুড়িতে অনুপ্রবেশের অভিযোগে ২ বাংলাদেশি যুবতীকে গ্রেফতার করেছে পুলিশ। স্থানীয় সূত্রে খবর, ভারতীয় এক ব্যক্তি তাদের কাজের প্রলোভন দেখিয়ে জলপাইগুড়ির বেরুবারি এলাকায় নিয়ে আসে। খবর ছড়িয়ে যাওয়ায় স্থানীয় বাসিন্দারাই তাদের আটকে রেখে পুলিশে খবর দেয়।

পুলিশ এসে তাদের গ্রেফতার করে। ধৃত সাদিয়া সুলতানা এবং বৃষ্টি আখতার বাংলাদেশের ঢাকার বাসিন্দা। তাদের আজ জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কালিম্পং -এর তারখোলায়,রাফটিং অনুশীলনের সময়ে তিস্তা নদীতে এক সেনা জওয়ানের মৃত্যু হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, রাফটিং অনুশীলন চলার সময়ে, গতকাল বিকালে তারখোলায়, হঠাৎ-ই সেনাবাহিনীর বোট উল্টে যায়। এতে সেনাবাহিনীর ওই জওয়ান তিস্তা নদীতে ভেসে যায়।

সেনাবাহিনীর অফিসার ও কর্মীরা, তাকে উদ্ধার করে, হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরে বাতাসে ভর করে রাজ্যের পশ্চিম ও উত্তরের জেলাগুলিতে তাপমাত্রা বেশ কিছুটা কম থাকলেও দক্ষিণবঙ্গের বেশিরভাগ স্থানেই আজ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে বেশি বা প্রায় স্বাভাবিক।

আগামী ২৪ ঘণ্টায় নূন্যতম তাপমাত্রার বিশেষ হেরফের না হলেও ২৫ শে ডিসেম্বর থেকে রাজ্যজুড়ে দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা কমার সম্ভাবনা রয়েছে।

আজ দক্ষিণবঙ্গে সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় শ্রীনিকেতনে ১০.৪ ডিগ্রি সেলসিয়াস।



উত্তরবঙ্গে আলিপুরদুয়ারে সবথেকে কম ন্যূনতম তাপমাত্রা রেকর্ড করা হয় ১০ ডিগ্রী সেলসিয়াস। দার্জিলিং পাহাড়ি এলাকায় আজকের তাপমাত্রা ছিল চার দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। কোচবিহার, দার্জিলিং সহ হিমালয় পাদদেশীয় এলাকা গুলিতে আজ সকালে ঘন কুয়াশা ছিল। জলপাইগুড়ি ও মালদা জেলার কোথাও কোথাও এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব বর্ধমান, উত্তর ২৪ পরগনা বীরভূম এবং পূর্ব মেদিনীপুর জেলায় বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি কুয়াশা লক্ষ্য করা যায়।

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo